দৈনিক
ইত্তেফাক

01 SEP 2016
তারিখ ...
পৃষ্ঠা ...৮... কলাম ...৭...

# অভিন্ন প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা

আমাদের দেশে উচ্চশিক্ষায় অনেক বৈষম্য পরিলক্ষিত হয়। উচ্চ মাধ্যমিক পাসের পর ছাত্ররা কমপক্ষে দশ থেকে পনেরটি ভার্সিটিতে আলাদা আলাদাভাবে ভর্তি পরীক্ষা দেয়। যা অত্যন্ত কষ্টকর ও সময়সাধ্য কাজ। যে শিক্ষার্থীর বাড়ি বগুড়া তাকে চিটাগাং ভার্সিটিতে ভর্তির জন্য সুদূর চট্টগ্রাম পর্যন্ত যেতে হয়। সারা দেশে অভিন্ন প্রশ্নপত্রে মেডিক্যালে ভর্তি পরীক্ষা হয়। পরে স্কোর অনুসারে শিক্ষার্থীরা পছন্দের মেডিক্যাল কলেজে ভর্তি হতে পারে। এটা অত্যন্ত ইতিবাচক একটা দিক। ভার্সিটি ভর্তি পরীক্ষায়ও এই নিয়ম চালু করা যেতে পারে। এতে করে যেমন শিক্ষার্থীদের দুর্ভোগ অনেকটা লাঘব হবে তেমন বিশ্ববিদ্যালয়ে ভর্তিতেও স্বচ্ছতা আসবে। তাছাড়া এর সুফল বিশ্ববিদ্যালয় প্রশাসনও ভোগ করবে। আশাকরি বিষয়টি ভেবে দেখা হবে।

**সম্পদ পোদ্দার বলরাম,**
কর্মকারপাড়া, শেরপুর, বগুড়া